জনকণ্ঠ

তারিখ ... NOV. 05-2006 ...
পৃষ্ঠা ১৬ কলাম ... ৭ ...

৫৪

# এডুকেশন ফেস্টিভ্যাল ও আন্তর্জাতিক শিক্ষামেলা-২০০৬

দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পর্যাপ্ত সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যকে সামনে রেখে বিএসবি ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। এ লক্ষ্যকে সামনে রেখে বিএসবি ফাউন্ডেশন দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে অন্যতম হলো বিএসবি-ক্যামব্রিয়ান এডুকেশন ফেস্টিভ্যাল ও আন্তর্জাতিক শিক্ষামেলা-০৬ অনুষ্ঠিত হবে আগামী ১১, ১২ নবেম্বর বারিধারার বসুন্ধরা কনভেনশন সেন্টারে। উক্ত এডুকেশন ফেস্টিভ্যালে বিএসবি ফাউন্ডেশন বৃত্তি-০৭, ১০০টি সেরা শিক্ষা প্রতিষ্ঠান, ১০০ জন শ্রেষ্ঠ শিক্ষক, ১০ জন বিশিষ্ট শিক্ষাবিদ ও শিক্ষা উদ্যোক্তাকে বিএসবি ফাউন্ডেশন এ্যাওয়ার্ড-০৬ প্রদান করা হবে। এ ছাড়া ২০০৬ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা ও সার্টিফিকেট প্রদান, নবীন বরণ ও স্কলারশিপ সার্টিফিকেট প্রদান করা হবে।



এ ছাড়া বিএসবি গ্লোবাল নেটওয়ার্কের উদ্যোগে ষষ্ঠ আন্তর্জাতিক শিক্ষামেলা-০৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে। মেলায় প্রবেশাধিকার সম্পূর্ণ ফ্রী। উক্ত মেলায় বিদেশে উচ্চ শিক্ষা বিষয়ক সেমিনার, স্পট এ্যাডমিশন, বিদেশী শিক্ষা প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাতের সুযোগ রয়েছে। উক্ত মেলায় ব্যাপক সংখ্যা দেশী-বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। মেলায় অংশগ্রহণকারীদের জন্য রয়েছে আকর্ষণীয় র‌্যাফেল ড্র এবং জাঁকজমক সাংস্কৃতিক অনুষ্ঠান। মেলা চলবে প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত। বিএসবি-ক্যামব্রিয়ান এডুকেশন ফেস্টিভ্যাল ও ষষ্ঠ বাংলাদেশ আন্তর্জাতিক শিক্ষামেলা প্রসঙ্গে বিএসবি ফাউন্ডেশনের চেয়ারম্যান এম, কে বাশার বলেন, "বিএসবি ফাউন্ডেশন দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন সেবামূলক কার্যক্রমে পরিচালনা করছে এবং উচ্চ শিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের একটি সঠিক দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে আন্তর্জাতিক শিক্ষামেলার আয়োজন করছে।"

রা.শ